

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১২১৭

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৪. রাসূলুল্লাহ (ﷺ) এর বাণীঃ যে ব্যক্তি ইমামের সাথে নামায পড়ে, ইমামের কিরাআতই তার কিরাআত এবং এতদসম্পর্কিত হাদীসসমূহের বিভিন্নতা

بَابُ ذِكْرِ قَوْلِهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ " مَنْ كَانَ لَهُ إِمَامٌ ، فَقِرَاءَةُ الْإِمَامِ لَهُ قِرَاءَةٌ " وَاحْتِلَاف الرِّوَايَات

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرِ الْمَطِيرِيُّ ، نَا أَحْمَدُ بْنُ حَازِمٍ ، ثَنَا إِسْمَاعِيلُ بْنُ أَبَانَ الْغَنُويُ ، ثَنَا مُحَمَّدُ بْنُ عَجْلَانَ ، عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ ، وَمُصِعْبِ بْنِ شُرَحْبِيلَ ، عَنْ أَبِي صَالِحٍ ، عَنْ أَبِي هُرَيْرَةَ ، عَنِ النَّبِيِّ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ قَالَ : " إِنَّمَا الْإِمَامُ لِيُؤْتَمَّ بِهِ فَلَا عَنْ أَبِي هُرَيْرَةَ ، عَنِ النَّبِيِّ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ قَالَ : " إِنَّمَا الْإِمَامُ لِيُؤْتَمَّ بِهِ فَلَا تَخْتَلِفُوا عَلَيْهِ ؛ فَإِذَا كَبَّرُ فَكَبِّرُوا ، وَإِذَا قَرَأَ فَأَنْصِتُوا ، وَإِذَا قَالَ : (غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِينَ) فَقُولُوا : آمِينَ ، فَإِذَا رَكَعَ فَارْكَعُوا ، وَإِذَا قَالَ : سَمِعَ اللَّهُ لِمَنْ عَلَيْهِمْ وَلَا الضَّالِينَ) فَقُولُوا : آمِينَ ، فَإِذَا سَجَدَ فَاسْجُدُوا ، وَإِذَا صَلَّى جَالِسًا ، فَصَلُوا حَمِدَهُ ، فَقُولُوا : رَبَّنَا لَكَ الْحَمْدُ ، وَإِذَا سَجَدَ فَاسْجُدُوا ، وَإِذَا صَلَّى جَالِسًا ، فَصَلُوا جُلُوسًا أَجْمَعِينَ " . إِسْمَاعِيلُ بْنُ أَبَانَ ضَعِيفٌ

বাংলা

১২১৭(১২). মুহাম্মাদ ইবনে জা'ফার আল-মুতায়রী (রহঃ) ... আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ইমাম এজন্যই নিযুক্ত হয়ে থাকে যাতে তার অনুসরণ করা হয়। অতএব তোমরা তার সাথে বিরোধ করো না। যখন সে তাকবীর বলে তখন তোমরাও তাকবীর বলো, যখন সে কিরাআত পড়ে তখন তোমরা নীরব থাকো, যখন সে 'গায়রিল মাগদূবি আলাইহিম অলাদদোয়াল্লীন' বলে তখন তোমরা আমীন বলো। যখন সে রুক্ করে তখন তোমরাও রুক্ করো, যখন সে "সামিআল্লাহ্ছ লিমান হামিদাহ" বলে, তখন তোমরা "রব্বানা লাকাল হামদ" বলো। যখন সে সিজদা করে তখন তোমরাও সিজদা করো এবং যখন সে বসে নামায পড়ে তখন তোমরা সকলেও বসে নামায-পড়ো।

ইসমাঈল ইবনে আবান দুর্বল রাবী।



হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন